# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা, ঢাকা

## অর্ধ বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ নবম** **বিষয় ঃ কৃষি শিক্ষা (সৃজনশীল)**

সময় ঃ ২:৩০ ঘণ্টা বিষয় কোড: ১১৩ পূর্ণমান ঃ ৫০

**যে কোন ৫টি প্রশ্নের উত্তর দাওঃ** **১০×৫=৫০**

১। মৎস চাষে অতি উৎসাহী সুমন মিয়া পুকুর সংস্কার করার সিদ্ধান্ত নেন। তিনি উপজেলা মৎস কর্মকর্তা থেকে পুকুর সংস্কার করার নিয়ম কোন ধরনের মাছ চাষে ক্ষতি এবং কোন ধরনের মাছ চাষে লাভবান হওয়া যায় এ সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করেন।

ক) ফাইটোপ্লাকটন কী? ১
খ) পুকুরের কোন ধরনের মাছ চাষে ক্ষতি এবং কেন ক্ষতি তা লিখ। ২
গ) পুকুর সংস্কারে চুন প্রয়োগ অগ্রণী ভূমিকা পালন করে ব্যাখ্যা কর। ৩
ঘ) পুকুর সংস্কার মাছ চাষ পদ্ধতি প্রথম ধাপ, এ কথাটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

২। ওমর আলী গত বছর আলুর বাম্পার ফলন পেয়েছে। এজন্য তিনি এ বছর আলু বীজ বেশি উৎপাদন করার সিদ্ধান্ত নিলেন। তিনি এক একর জমি আলু চাষের জন্য প্রস্তুত করলেন এবং প্রয়োজনীয় সার সংগ্রহ করলেন।

ক) প্রকৃত বীজ কী? ১
খ) রোগিং কোন সময় করতে হয়? ২
গ) ওমর আলী রোগ বালাই ও পোকা দমনের কী ব্যবস্থা করবেন? ব্যাখ্যা কর। ৩
ঘ) তিনি আলু চাষের জন্য কতটুকু সার সংগ্রহ করছেন বলে তুমি মনে কর? ৪

৩। ইউসুফের ২ মিটার গভীর একটি পুকুর আছে, মৎস কর্মকর্তার নির্দেশে পুকুরের রাক্ষুসে মাছ যেমন, শোল, বোয়াল, গজার ইত্যাদি মাছ অপসারণ করে মাছ চাষ করলেন এবং কাঙ্খিত উৎপাদন পেলেন। মৎস কর্মকর্তা বললেন, উপরিউক্ত রাক্ষুসে মাছ সংরক্ষণে মৎস অভয়াশ্রম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

ক) মৌসুমী পুকুর কাকে বলে? ১
খ) কীভাবে পুকুরের পানির বিষাক্ততা পরীক্ষা করা যায়? ২
গ) ইউসুফের পুকুরটি বিভিন্ন স্তর ভিন্ন ভিন্ন মাছের জন্য উপযোগী বর্ণনা কর। ৩
ঘ) রাক্ষুসে মাছ সংক্ষণের উদ্যোগটি গুরুত্ব মূল্যায়ণ কর। ৪

৪। সফিক সাহেবের বাড়ি সমুদ্র উপকূলবর্তী সাতক্ষিরা জেলায়। তিনি আবাদি জমিতে স্থানীয় জাতের ধান চাষ করে বেশি উৎপাদনে ব্যর্থ হন। এরপর কৃষি কর্মকর্তার পরামর্শে বিনা ধান-৮ চাষের সিদ্ধান্ত গ্রহণ করেন। একদিন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রদর্শিত তথ্য চিত্র দেখে সফিক সাহেব লবনাক্ততা সহায়ক বিভিন্ন ফসলের চাষ সম্পর্কে অনেক তথ্যই জানতে পারলেন।

ক) লবণাক্ত সহিষ্ণু ফসল কাকে বলে? ১
খ) তাপমাত্রা কীভাবে কৃষি উৎপাদন ব্যহত করে? ব্যাখ্যা কর। ২
গ) সফিক সাহেবের সিদ্ধান্তটি সঠিক কিনা তা ব্যাখ্যা কর। ৩
ঘ) সফিক সাহেবের এলাকায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কার্যক্রম মুল্যায়ণ কর। ৪

৫। নিচের অনুচ্ছেদটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও।

| | | |
|---|---|---|
| শিল্প কারখানা, মোটরগাড়ি, লঞ্চ, উড়োজাহাজ, ইটেরভাটা, আনবিক চুল্লি ইত্যাদি | গ্রীন হাউজ গ্যাস | জলবায়ু পরিবর্তন |

ক) অভিযোজন কী? ১
খ) গমের একটি খরা সহিষ্ণু জাতের বর্ণনা দাও। ২
গ) উদ্দীপকের আলোকে বাংলাদেশে সৃষ্ট পরিবর্তনগুলো উপস্থাপন কর। ৩
ঘ) উদ্দীপকের আলোকে বাংলাদেশের গবাদি পশু রক্ষায় তোমার সুচিন্তিত মতামত পেশ কর। ৪

৬। শাহিনের জমির ফসল বন্যায় ডুবে নষ্ট হয়ে গেছে। গত বছর বন্যায়ও তার জমির ফসল নষ্ট হয়ে গিয়েছিল। পর পর দুই বছর এই ক্ষতি শাহীনকে দিশেহারা করে তুলল।

ক) কৃষির আধুনিকায়ন কী? ১
খ) কৃষিতে নতুন নতুন প্রযুক্তি যুক্ত করছেন কারা? ২
গ) শাহীন কীভাবে তার সমস্যার সমাধান করতে পারে ব্যাখ্যা কর। ৩
ঘ) কৃষকদের অজ্ঞতাই তাদের কৃষি বিষয়ক সমস্যাগুলোর মূল কারণ-উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। নিচের অনুচ্ছেদটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও।

| খরা সহিষ্ণু ধান | | খরা সহিষ্ণু গম | |
|---|---|---|---|
| A | B | A | B |
| ব্রি ধান-৫৬ | ব্রি ধান-৫৭ | গৌরব | প্রদীপ |

ক) বিরূপ আবহাওয়ায় ফসল চাষের পূর্বশর্ত কী? ১
খ) মৃত্তিকায় পানির ঘাটতি উদ্ভিদের জন্য ক্ষতিকর কেন? ২
গ) উদ্দীপকের B জাতের ধানের বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩
ঘ) উদ্দীপকের জাতগুলো খরা কবলিত এলাকায় চাষ করার যৌক্তিকতা যাচাই কর। ৪

৮। ছগিরের গবাদি পশু ও হাঁস-মুরগীর খামার রয়েছে। ছগিরদের বাড়ী উপকূলীয় অঞ্চলে হওয়ায় তারা প্রায়ই প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়। গত বছর তাদের খামারের অনেক ক্ষয় ক্ষতি হয়েছিল। আজ রেডিওতে জলোচ্ছাসের পূর্বাভাস পেয়ে ছগির খুব চিন্তিত হয়ে পড়লো।

ক) গোলপাতা কী ধরনের পানিতে ভাল জন্মে? ১
খ) বন্যা বা জলাবদ্ধ অবস্থায় ধানের অভিযোজন কৌশল ব্যাখ্যা কর। ২
গ) পূর্বাভাস সত্যি হলে ছগিরের খামারে কী কী সমস্যা হতে পারে? বর্ণনা কর। ৩

ঘ) গত বছরের বন্যায় কবিরের খামারের কী ধরনের ক্ষয় ক্ষতি হয়েছিল বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা ,ঢাকা

## অর্ধ বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ নবম বিষয় ঃ কৃষি শিক্ষা (বহুনির্বাচনী)**

**সময় ঃ ২৫ মিনিট** **পূর্ণমান ঃ ২৫**

[সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোন দাগ দেওয়া যাবে না]

১। খরা সহিষ্ণু ফসলের মূল সাধারণত কেমন থাকে?
ক) খুব ছোট খ) খুব বড় গ) খুব দৃঢ় ঘ) খুব নরম

২। গমের কোন জাতটি গৌরব নামে পরিচিত?
ক) বারিগম-২০ খ) বারিগম-২২
গ) বারিগম-২৪ ঘ) বারিগম-২৬

৩। কোন্‌টি গমের জাত?
ক) প্রদীপ খ) গরচা গ) নিজামী ঘ) হরি

৪। কোনটি আখের খরা সহিষ্ণু জাত?
ক) ঈশ্বরদী-৩০ খ) ঈশ্বরদী-৩২ গ) ঈশ্বরদী-৩৭ ঘ) ঈশ্বরদী-৩৮

৫। উত্তম লবনাক্ত সহিষ্ণু ফসল কোনটি?
ক) নারিকেল খ) মরিচ গ) লেবু ঘ) মটর

৬। সৈকত কোন ফসলের জাত?
ক) গম খ) আলু গ) ছোলা ঘ) আখ

৭। জলবায়ু পরিবর্তনের কারণে বিশ্বের সব চেয়ে ক্ষতিগ্রস্থ ও বিপদাপন্ন দেশ কোনটি?
ক) চীন খ) জাপান গ) নেপাল ঘ) বাংলাদেশ

৮। বর্তমানে দুর্যোগের মাত্রা বৃদ্ধির কারণ কোনটি?
ক) জলবায়ুর পরিবর্তন খ) বায়ু প্রবাহ
গ) বন্যাবৃদ্ধি ঘ) জনসংখ্যা বৃদ্ধি

৯। শীতকালে তাপমাত্রা কত ডিগ্রি সেলসিয়াসের নিচে নামলে ধান চিটা হয়?
ক) ১০ খ) ২০ গ) ৩০ ঘ) ৩২

১০। লবনাক্ততায় আক্রান্ত জেলা কোনটি?
ক) সাতক্ষীরা খ)নরসিংদী গ) কুষ্টিয়া ঘ) ফেনী

১১। গভীরমূলী উদ্ভিদ কোনটি?
ক) তুলা খ) মরিচ গ) গম ঘ) অড়হর

১২। উদ্ভিদ দেহে কোনটি বেশি মজুদ থাকলে খরা প্রতিরোধে সাহায্য করে?
ক) পানি খ) প্রোটিন গ) শর্করা ঘ) স্নেহ

১৩। ঘাসে বিষক্রিয়া দেখা দেয় কখন?
ক) খরায় খ) বন্যায় গ) জলোচ্ছাসে ঘ) লবনাক্ততায়

১৪। রুই জাতীয় মাছ কোন মাসে ডিম দেয়?
ক) চৈত্র খ) বৈশাখ গ) জ্যৈষ্ঠ ঘ) আষাঢ়

১৫। বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগ কেমন?
ক) নিয়মিত খ) অনিয়মিত গ) হঠাৎ ঘ) হয়না

১৬। পশুকে কোনটির সম্পূরক খাদ্য হিসেবে সবুজ অ্যালজি খাওয়াতে হবে?
ক) খড় খ) খৈল গ) গমের ভূষি ঘ) কাঁচাখাস

১৭। শিমগোত্রীয় ঘাস কোনটি?
ক) ভুট্টা খ) নেপিয়ার গ) মাসকলাই ঘ) গিনি

১৮। ভালো মানের হতে সর্বোচ্চ কতভাগ আর্দ্রতা থাকে?
ক) ১০-১৫ খ) ১৫-২০ গ) ২০-২৫ ঘ) ২৫-৩০

১৯। কোনটি মুরগীর আমিষ জাতীয় খাদ্য?
ক) ভূট্টা খ) তৈলের খৈল গ) শুঁটকির গুড়া ঘ) লবণ

২০। প্রথম কত সপ্তাহ হাঁসকে প্রচুর খাবার দিতে হয়?
ক) ৭ খ) ৮ গ) ৯ ঘ) ১০

২১। সরকার ঘোষিত ইলিশ অভয়াশ্রম কয়টি?
ক) ৩ খ) ৪ গ) ৫ ঘ) ৬

২২। মৎস সংরক্ষণ আইন প্রথম কত সালে প্রণয়ন করা হয়?
ক) ১৯৪০ খ) ১৯৪৫ গ) ১৯৫০ঘ) ১৯৫৫

২৩। কৃষিতাত্ত্বিক বীজ হলো-
i) আদা ii) রসুন iii) হলুদ
নিচের কোন্‌টি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪। পুকুরের তলদেশের মাছ-
i) মৃগেল ii) শিং iii) সরপুঁটি
নিচের কোন্‌টি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫। বায়ুমন্ডলে গ্রিন হাউজ গ্যাসের পরিমাণ বাড়ছে কারণ-
i) অধিক বৃষ্টিপাত ii) বৃক্ষ নিধন iii) কলকারখানার প্রসার
নিচের কোন্‌টি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii